

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা ।

প্রেস বিজ্ঞপ্তিঃ ঢাকা ২৭ সেপ্টেম্বর ২০১৬ খ্রিঃ।

জাতীয় রাজস্ব বোর্ড ও অডিট বিভাগের ঘনিষ্ঠ অংশীদারিত্বের মাধ্যমে ‘অডিট ব্যবস্থাপনার মানোন্নয়ন’ শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিতঃ
দ্রুত অডিট আপত্তি নিষ্পত্তির পাশাপাশি বৃদ্ধি পাবে রাজস্ব কর্মকর্তাদের সরকারি অর্থ ব্যয়ের সক্ষমতা ও দক্ষতা,
সৃজিত হবে করদাতাবান্ধব পরিবেশ ।

২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে একটি উন্নত, শিক্ষিত, স্বাবলম্বী ও সমৃদ্ধশালী দেশ গড়ার লক্ষ্যে সরকারের আর্থিক ব্যবস্থাপনার মানোন্নয়ন, আর্থিক শৃংখলা সুনিশ্চিতকরণ ও জবাবদিহিতা জোরদার করার জন্য জাতীয় রাজস্ব বোর্ড সকলের অকুণ্ঠ সমর্থন ও সহযোগিতা নিয়ে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এ প্রক্রিয়ার অংশ হিসেবে সরকারি অর্থ ব্যয়ের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে কাঙ্ক্ষিত রাজস্ব সংগ্রহ, করদাতাবান্ধব পরিবেশ তৈরি এবং সকল পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে Annual Performance Agreement (APA), Budget Implementation Plan (BIP) শুদ্ধাচার কৌশল এবং Strategic Action Plan বাস্তবায়নের ওপর বিশেষ গুরুত্বারোপ করেছে জাতীয় রাজস্ব বোর্ড।

দেশের অর্থনৈতিক কর্মকাণ্ড সম্প্রসারিত হবার সাথে সাথে আয়কর, কাস্টমস ও ভ্যাটের দপ্তরসমূহে অডিট আপত্তির সংখ্যাও বেড়েছে। প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ডের অডিট ব্যবস্থাপনার উন্নয়ন তথা অডিট বিষয়ে কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন, পারস্পরিক অভিজ্ঞতা ও তথ্য বিনিময় বিশেষভাবে অপরিহার্য। এরই অংশ হিসেবে জাতীয় রাজস্ব বোর্ডের উদ্যোগে ‘অডিট ব্যবস্থাপনার মানোন্নয়ন’ শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা আজ ২৭ সেপ্টেম্বর মঙ্গলবার সকাল ১১ ঘটিকায় এনবিআরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।


দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালায় সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ড. মহীউদ্দীন খান আলমগীর এমপি প্রধান অতিথি এবং উপ-মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (সিনিয়র) আবুল ফয়েজ মোঃ আবিদ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কর্মশালায় অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সচিব ও চেয়ারম্যান জাতীয় রাজস্ব বোর্ড মোঃ নজিবুর রহমান সভাপতিত্ব করেন। জাতীয় রাজস্ব বোর্ডের সদস্যবর্গসহ আয়কর, শুল্ক ও ভ্যাট বিভাগের অডিট ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। মাঠ পর্যায়ের দপ্তরসমূহের রাজস্ব কর্মকর্তাদের সরাসরি অডিট বিভাগের অভিজ্ঞ কর্মকর্তা কর্তৃক প্রশিক্ষণ প্রদান কর্মশালাকে অত্যন্ত স্বতঃস্ফূর্ত, প্রাণবন্ত করার পাশাপাশি নতুন মাত্রা যোগ করেছে।

প্রধান অতিথির বক্তব্যে ড. মহীউদ্দীন খান আলমগীর এমপি বলেন, ‘অডিট ব্যবস্থাপনার মানোন্নয়ন’-শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন অত্যন্ত ইতিবাচক ও প্রশংসনীয় উদ্যোগ। এর মাধ্যমে উত্থাপিত অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করা সম্ভব হবে। রাজস্ব সংগ্রহের কাজে গতিশীলতা আসবে। পাশাপাশি অহেতুক অডিট আপত্তি পরিহার করে সৃষ্টি হবে করদাতাবান্ধব পরিবেশ। এ ধরনের বিষয়ভিত্তিক সমন্বয়যোগ্য গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠানের জন্য তিনি এনবিআরের সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ ও ভবিষ্যতে আরো বেশি কর্মশালা আয়োজনের আহ্বান জানান।

বিশেষ অতিথি তাঁর বক্তব্যে বলেন, অডিট বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ড সরকারের আর্থিক সেষ্টরে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। এ ধরনের কর্মশালা আয়োজনের মাধ্যমে উভয় দপ্তরের মধ্যে পারস্পরিক সহযোগিতার ক্ষেত্র সম্প্রসারিত হবে; রাজস্ব ফাঁকি রোধের মাধ্যমে জাতীয় অর্থনৈতিক উন্নয়নে অগ্রণী ভূমিকা পালন করতে সক্ষম হবে।

সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান জাতীয় রাজস্ব বোর্ড মোঃ নজিবুর রহমান তাঁর বক্তব্যে বলেন, উন্নয়নের অঙ্গিঙ্গেন হ’ল রাজস্ব। জনগণ রাষ্ট্রের রাজস্ব ভান্ডারকে সমৃদ্ধ করার জন্য রাজস্ব প্রদান করেন। তাই, তাঁদের প্রদেয় রাজস্ব যেন সরকারি কোষাগারে যথাযথভাবে জমা পড়ে তার জন্য জাতীয় রাজস্ব বোর্ড ও অডিট বিভাগ অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করছে। রাজস্ব কর্মকর্তাদের অডিট সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি পাবে। ফলে একদিকে যেমনি অডিট আপত্তির সংখ্যা হ্রাস পাবে, তেমনি বিদ্যমান আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করা সম্ভব হবে। সর্বোপরি মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা ও অভিপ্রায় অনুযায়ী দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় অডিট আপত্তি-নিষ্পত্তি সংক্রান্ত সভা ফলপ্রসূ করার জন্য এনবিআর প্রবর্তিত ‘Good Governance and Modern Management Framework’ এর আওতায় সকলের সহযোগিতায় কাজ করে যাচ্ছে। ভবিষ্যতে এ ধরনের কর্মশালা আরো আয়োজনের প্রত্যয় ব্যক্ত করেন তিনি।

বর্ণিত প্রেস বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিন্ম অনুরোধ করা হলো।


(সৈয়দ এ. মুমেন)
সিনিয়র তথ্য কর্মকর্তা

প্রাপকঃ
বার্তা সম্পাদক
সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া